শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও
শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

স্মারক নং-২২.০২.০০০০.০১১.০৬.০০২.২২-২৮৯

তারিখ ঃ ১৮ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. আবদুল হামিদ, মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর
স্থান : পরিবেশ অধিদপ্তর, নতুন ভবনের অডিটরিয়াম কক্ষ ও অনলাইন জুম প্ল্যাটফর্ম
সভার তারিখ : ২১ জুলাই ২০২২ খ্রিঃ বৃহস্পতিবার
সময় : সকাল ১০:৩০ ঘটিকা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিভাগীয় সমন্বয় সভায় অংশগ্রহণের জন্য সদর দপ্তরসহ অনলাইন জুম প্ল্যাটফর্মের মাধ্যমে যোগদানকৃত মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানান। অতঃপর মহাপরিচালকের অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার কার্যক্রম শুরু করেন।

প্রথমে বিগত ২৩ জুন ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের লক্ষ্যে সকল কর্মকর্তার মতামত চাওয়া হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর পর্যায়ক্রমে বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি, আলোচ্য সূচিতে অন্তর্ভূক্ত বিষয়সমূহ, নিয়মিত কার্যক্রমের মাসিক অগ্রগতি এবং সদর দপ্তরসহ মাঠ কার্যালয়ের সমস্যা ও অনিষ্পন্ন বিষয়সমূহ নিয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	বিভিন্ন কার্যালয়ের অনিষ্পন্ন/পেন্ডিং কার্যক্রম সম্পর্কে আলোচনা	ক) পরিবেশ অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগামী ১০ আগস্ট ২০২২ তারিখের মধ্যে চট্টগ্রাম অঞ্চল ও চট্টগ্রাম মহানগর কার্যালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের হালনাগাদ তথ্যাদিসহ জবাব প্রেরণ করতে হবে।	ক) ১. পরিচালক (চট্টগ্রাম অঞ্চল/চট্টগ্রাম মহানগর) ২. উপপরিচালক (অর্থ)
		খ) পরিবেশগত ছাড়পত্র, নবায়ন ও নমুনা বিশ্লেষণের সকল অনিষ্পন্ন/পেন্ডিং আবেদনসমূহ জরুরীভিত্তিতে নিষ্পত্তি করতে হবে।	খ) ১. পরিচালক (ছাড়পত্র/অঞ্চল/বিভাগ/মহানগর/গবেষণাগার) ২.উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
		গ) আগামী সমন্বয় সভার পূর্বে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-এর আওতায় অনিষ্পন্ন অভিযোগসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	গ) ১. অতিরিক্ত মহাপরিচালক ২. পরিচালক (সকল) ৩.উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
		ঘ) উচ্চ আদালতের রীট মোকদ্দমা নিষ্পত্তির পর প্রদত্ত আদেশ দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত সদর দপ্তরে প্রেরণ করতে হবে। এ সংক্রান্ত অগ্রগতি	ঘ) ১. পরিচালক (আইন/অঞ্চল/বিভাগ/মহানগর/কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক (সমন্বয়)

		প্রতিবেদনের ছকে "নিষ্পত্তিকৃত মামলার বিপরীতে আদেশ বাস্তবায়ন" বিষয়ে একটি কলাম অন্তর্ভূক্ত করে আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। ঙ) অনিষ্পন্ন রীট মামলাসমূহের জবাব জরুরী ভিত্তিতে সদর দপ্তরের আইন শাখায় প্রেরণ করতে হবে। চ) বিজ্ঞ পরিবেশ আদালত/স্পেশাল ম্যাজিস্ট্রেট আদালতে দায়েরকৃত চলমান মামলাসমূহের চার্জশীট দ্রুত সময়ের মধ্যে প্রদান করতে হবে। ছ) প্রত্যেক মাসে নিয়মিতভাবে মামলা দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন সদর দপ্তরের আইন শাখায় প্রেরণ করতে হবে।	৩. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) ঙ) ১. পরিচালক (আইন/অঞ্চল/ বিভাগ/ মহানগর/ কক্সবাজার জেলা কার্যালয়) ৩. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) চ) - ঐ - ছ) - ঐ -
২.	মাঠ কার্যালয় পরিদর্শন বিষয়ক আলোচনা	অঞ্চল ও বিভাগীয় কার্যালয়ের পরিচালকবৃন্দ তাঁদের অধীনস্ত জেলা কার্যালয়সমূহ প্রমাপ অনুযায়ী পরিদর্শনপূর্বক মহাপরিচালক বরাবর পর্যবেক্ষণ/ মতামতসহ পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করবেন। গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ/মতামতের বিষয়ে আগামী সভায় উপস্থাপন করতে হবে।	১. পরিচালক (অঞ্চল/বিভাগ) ২.উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
৩.	যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রস্তুতি বিষয়ক আলোচনা	ক) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তরসহ সকল বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহে ১৫ আগস্ট ২০২২ খ্রিঃ তারিখ সোমবার জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। খ) ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. আবদুল হামিদ-এর নেতৃত্বে অতিরিক্ত মহাপরিচালকসহ সদর দপ্তর, ঢাকা মহানগর, ঢাকা গবেষণাগার, ঢাকা অঞ্চল এবং ঢাকা জেলা কার্যালয়ের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে অধিদপ্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে সকাল ১০.০০ ঘটিকায় পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করতে হবে।	ক) ১. অতিরিক্ত মহাপরিচালক ২. পরিচালক (সকল) ৩.উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) খ) ১. অতিরিক্ত মহাপরিচালক ২. পরিচালক (সদর দপ্তর-সকল) ৩. পরিচালক (ঢাকা মহানগর/ঢাকা গবেষণাগার /ঢাকা অঞ্চল) ৪. উপপরিচালক (ঢাকা জেলা)

		গ) পরিবেশ অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে ০১ আগস্ট ২০২২ খ্রি: হতে ৩১ আগস্ট ২০২২ খ্রি: পর্যন্ত মাসব্যাপি কালো ব্যাজ ধারণ করতে হবে। ঘ) পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তরসহ বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহের ভবনে জাতীয় শোক দিবসের ব্যানার প্রদর্শন করতে হবে। ঙ) পরিবেশ অধিদপ্তরের নতুন ভবনের ৩য় তলায় অবস্থিত অডিটোরিয়াম কক্ষে মহাপরিচালকের নেতৃত্বে অতিরিক্ত মহাপরিচালকসহ সদর দপ্তর, ঢাকা মহানগর, ঢাকা গবেষণাগার, ঢাকা অঞ্চল এবং ঢাকা জেলা কার্যালয়ের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতিতে ১৫ আগস্ট সকাল ১০.৩০ ঘটিকায় বিশেষ দোয়া মাহফিল আয়োজন করতে হবে। চ) পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর এর ডিজিটাল ডিসপ্লেবোর্ডে শোক দিবস পালন উপলক্ষ্যে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস সংশ্লিষ্ট টিভিসি মাসব্যাপি প্রদর্শন করতে হবে। ছ) পরিবেশ অধিদপ্তরের সকল বিভাগীয়/মহানগর/ গবেষণাগারসহ সকল জেলা কার্যালয় প্রণীত জাতীয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে জেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক সকল কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া জাতীয় শোক দিবসে বিভাগীয়/ মহানগর/ গবেষণাগার/ জেলা কার্যালয়ের সকলকে জেলা ও উপজেলা প্রশাসনের আয়োজিত অনুষ্ঠানসমূহে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে।	গ) সকল কর্মকর্তা ও কর্মচারী ঘ) ১. পরিচালক (সকল) ২.উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) ঙ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী চ) পরিচালক (আইটি) ছ) ১. পরিচালক (অঞ্চল/বিভাগ মহানগর/গবেষণাগার) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
৪.	২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট বিষয়ক আলোচনা	ক) বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ সাধনের লক্ষ্যে ২০২২-২৩ অর্থ বছরে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থের ব্যয় স্থগিত/হ্রাসকরণের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে: (১) নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে;	ক) ১. পরিচালক (সকল) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)

		(২) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়', '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়', '৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি', '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি' ও '৪১১২৩১৪-আসবাবপত্র' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ ৫০% ব্যয় করা যাবে; (৩) দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে '৩২৩১৩০১-প্রশিক্ষণ' খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ ৫০% ব্যয় করা যাবে; খ) এছাড়াও বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের ২৫% সাশ্রয় করার বিষয়ে প্রদত্ত সম্প্রতি নির্দেশনা বিনা ব্যর্থতায় প্রতিপালন করতে হবে। তাই অফিস রুমের বাইরে থাকলে লাইট, ফ্যান ও এসি ইত্যাদি বন্ধ রাখাসহ যে কোন অপ্রয়োজনীয় বিদ্যুতের ব্যবহার পরিহার করতে হবে। গ) বর্ণিত খাতসমূহের বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃউপযোজন করা যাবে না। সর্বোপরি কোনো ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হবেনা। ব্যয়ের ক্ষেত্রে সচেতন হতে হবে এবং আগে অনুমোদন নিয়ে পরে ব্যয় করতে হবে।	খ) - ঐ - গ) - ঐ -
৫.	মনিটরিং ও এনফোর্সমেন্ট কার্যক্রম বিষয়ক আলোচনা	ক) দূষণকারী ব্যক্তি, শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের বিরুদ্ধে এনফোর্সমেন্ট ও ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম আরও বৃদ্ধি করতে হবে। বিশেষ করে শব্দ দূষণ নিয়ন্ত্রণ, নিষিদ্ধ ঘোষিত পলিথিন ও সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধকরণ এবং বায়ুদূষণ নিয়ন্ত্রণে মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধি করতে হবে। খ) যে সকল অবৈধ ইটভাটা ইতোমধ্যে বন্ধ করা হয়েছে, সেগুলো যেন পুনরায় অবৈধভাবে চালাতে না পারে সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে। বৈধ ও অবৈধ ইটভাটার তালিকা সদর দপ্তরে প্রেরণ করতে হবে। অবৈধ ইটভাটার বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট ও এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। গ) নিষিদ্ধ ঘোষিত পলিথিন বন্ধে ইতোপূর্বে গঠিত টাস্কফোর্স কমিটিসমূহকে পুনরায় চালু করার উদ্যোগ নিতে হবে। ঘ) মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক দূষণকারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে প্রদত্ত নির্দেশনা	ক) ১.পরিচালক (এনফোর্সমেন্ট/ অঞ্চল/ বিভাগ/মহানগর কার্যালয়/কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) খ) ১. পরিচালক (এনফোর্সমেন্ট/ বায়ুমান/অঞ্চল/বিভাগ/ মহানগর/কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) গ) পরিচালক (এনফোর্সমেন্ট/ বিভাগ/অঞ্চল/মহানগর) ঘ) ১.পরিচালক(অঞ্চল/ বিভাগ/মহানগর কার্যালয়)

		যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে কিনা, তা সংশ্লিষ্ট মাঠ কার্যালয় পরিদর্শনপূর্বক সদর দপ্তরের এনফোর্সমেন্ট শাখাকে অবহিত করবে। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত এনফোর্সমেন্ট প্রস্তাব দ্রুত সময়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে। ঙ) শব্দ দূষণ নিয়ন্ত্রণে প্রতিমাসে নির্ধারিত সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনা নিশ্চিত করতে হবে। চ) জব্দকৃত নিষিদ্ধ ঘোষিত পলিথিনসমুহ প্রচলিত বিধিবিধান অনুসরণ করে স্থানীয় পর্যায়ে নিষ্পত্তির লক্ষ্যে পলিথিন ও পলিথিন সামগ্রীর পরিমাণ আগামী সভার পূর্বে সদর দপ্তরকে অবহিত করতে হবে। ছ) প্রত্যেক মাসে নিয়মিতভাবে মোবাইল কোর্ট ও এনফোর্সমেন্ট সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন সদর দপ্তরের এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। প্রাপ্ত প্রতিবেদন সমন্বয়পূর্বক প্রত্যেক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) ঙ) - ঐ - চ) ১.পরিচালক(অঞ্চল/ বিভাগ/ মহানগর/কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) ছ) ১. পরিচালক(এনফোর্সমেন্ট/ বিভাগ/অঞ্চল/মহানগর) ২. উপপরিচালক (সমন্বয়)
৬.	পরিবেশ অধিদপ্তরের হালনাগাদকৃত অর্গানোগ্রাম সম্পর্কে আলোচনা	পরিবেশ অধিদপ্তরের অর্গানোগ্রাম হালনাগাদকরণের লক্ষ্যে অতিরিক্ত মহাপরিচালক-কে আহবায়ক করে একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি আগামী ১০ আগস্ট ২০২২ তারিখের মধ্যে মহাপরিচালক বরাবর সুপারিশসহ একটি প্রতিবেদন দাখিল করবে।	১. অতিরিক্ত মহাপরিচারক ২. পরিচালক (প্রশাসন)
৭.	পরিবেশগত ছাড়পত্র প্রদান ও নবায়ন বিষয়ক আলোচনা	ক) পরিবেশগত ছাড়পত্র ও নবায়ন আবেদন নিষ্পত্তি সংক্রান্ত সকল প্রতিবেদন ইসিসি অটোমেশন সিস্টেমের ড্যাসবোর্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। খ) আগামী সমন্বয় সভার পূর্বে কমলা-খ শ্রেণীর শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র ও নবায়ন আবেদনের সাথে দাখিলের জন্য প্রযোজ্য কাগজপত্রের চেকলিস্ট ও ছাড়পত্রের অভিন্ন শর্তাবলীর খসড়া প্রস্তুতপূর্বক মতামতের জন্য সকল কার্যালয়ে প্রেরণ করতে হবে। গ) মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী সকল শিল্প কারখানার ইটিপিতে IP Camera স্থাপন	ক) ১. পরিচালক (ছাড়পত্র/ আইটি/অঞ্চল/ বিভাগ/মহানগর/কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) খ) পরিচালক ছাড়পত্র গ) ১. পরিচালক (ছাড়পত্র/ আইটি/অঞ্চল/

		নিশ্চিত করতে হবে এবং প্রতিমাসে বাস্তবায়ন অগ্রগতি সদর দপ্তরের ছাড়পত্র শাখায় প্রেরণ করতে হবে। ছাড়পত্র শাখা মাঠ কার্যালয়ের প্রতিবেদনসমূহ সমন্বয়পূর্বক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন পরবর্তী সভায় পেশ করবে। ঘ) শিল্প কারখানার ইটিপিতে স্থাপিত IP Camera-সমূহ মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় সফটওয়্যার ও হার্ডওয়্যার ক্রয়ের উদ্যোগ অব্যাহত রাখতে হবে। ঙ) প্রশাসনিক মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক ১) বিগত ০৬ (ছয়) মাসের পরিবেশগত ছাড়পত্র ও নবায়ন আবেদন গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য এবং ২) ছাড়পত্র ও ইটিপি নাই এমন শিল্প- প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন জরুরিভিত্তিতে সদর দপ্তরের ছাড়পত্র শাখায় প্রেরণ করতে হবে। ছাড়পত্র শাখা প্রাপ্ত তথ্যাদি সমন্বয়পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। চ) আগামী ১৫ দিনের মধ্যে মহাপরিচালকের সাথে আলোচনাপূর্বক পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সেবাসমূহ প্রদানের সময়সীমা এবং বিভিন্ন বর্জ্যের গুণগতমান দাখিলের বছরভিত্তিক সংখ্যা নির্ধারণের বিষয়টি চূড়ান্ত করতে হবে।	বিভাগ/মহানগর/কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) ঘ) পরিচালক (ছাড়পত্র/আইটি) ঙ) ১. পরিচালক (ছাড়পত্র/ অঞ্চল/বিভাগ/মহানগর/ কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) চ) পরিচালক (ছাড়পত্র/ গবেষণাগার)
৮.	ECA এলাকা	প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৬ অনুযায়ী প্রতিবেশগত সংকটাপন্ন এলাকাসমূহের পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণে গঠিত জেলা কমিটি, উপজেলা কমিটি, ইউনিয়ন সমন্বয় কমিটি ও গ্রাম সংরক্ষণ দলসমূহকে সক্রিয় করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণকে পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা)
৯.	দুর্নীতি দমন কমিশনের মতামত বিষয়ক আলোচনা	দুর্নীতি প্রতিরোধে দুদক কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদনের পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ পর্যালোচনাপূর্বক উদ্ভুত পরিস্থিতি থেকে উত্তরণে করণীয় বিষয়ে একটি কর্মপরিকল্পনা প্রণয়ণের লক্ষ্যে ১৬ আগস্ট ২০২২ তারিখের মধ্যে সদর দপ্তরের সকল পরিচালকগণের উপস্থিতিতে একটি সভা আয়োজন করতে হবে। সভায় আলোচনাপূর্বক এ বিষয়টি চূড়ান্ত করা হবে।	পরিচালক (সকল)

১০.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (NIS) এর অগ্রগতি পর্যালোচনা	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র (NIS)বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে এবং সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করতে হবে। যথাসময়ে মাঠ পর্যায়ের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সদর দপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।	১. পরিচালক (সকল) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
১১.	প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত আলোচনা	আগামী ১৫ দিনের মধ্যে বিদ্যমান CAMS ও C-CAMS -সমূহ পরিচালনা ও রিপোর্ট প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য বাজেটে অর্থ সংস্থান হবে কিনা যাচাই করে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।	পরিচালক (প্রশাসন)
১২.	ECONS নামীয় গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Leveraging Artificial Intelligence to Reduce Air Pollution in Bangladesh শীর্ষক গবেষণা প্রস্তাব সংক্রান্ত আলোচনা	Evaluation and Consulting Services (ECONS) Ltd নামীয় গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Leveraging Artificial Intelligence to Reduce Air Pollution in Bangladesh শীর্ষক প্রকল্প প্রস্তাবটি সদর দপ্তরের পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা) উপস্থাপন করেন। উপস্থাপনাকালে তিনি জানান যে, আলোচ্য প্রকল্পের মাধ্যমে স্যাটেলাইট ডাটা ব্যবহার করে বায়ুদূষণের উৎসসমূহ বিশেষতঃ পাইলট প্রকল্পের মাধ্যমে ইটভাটার দূষণ চিহ্নিত করে ডিজিটাল মনিটরিং ও এনফোর্সমেন্ট মেথোড তৈরি ও জনস্বাস্থ্যের উপর হুমকি বিবেচনা করে চিহ্নিত দূষণের প্রতিটি উৎসের জন্য স্বাস্থ্যঝুঁকি ইনডেক্স স্কোর নির্ধারণ করা হবে। এর মাধ্যমে পরিদর্শন, মনিটরিং ও এনফোর্সমেন্ট অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হবে। এছাড়া প্রকল্পের মাধ্যমে জিআইএস ল্যাবকে শক্তিশালী করা এবং ৪০-৪৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে। সভায় দাখিলকৃত প্রকল্প প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত শর্তে প্রকল্পটি সদয় অনুমোদনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে মর্মে সুপারিশ গৃহীত হয়ঃ (১) প্রকল্পটি বাস্তবায়নকালে যেকোনো পর্যবেক্ষণ সম্পর্কে অধিদপ্তরকে অবহিত করতে হবে। অধিদপ্তরের অনুমতি ব্যতিত কোনো তথ্য সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা যাবে না। (২) প্রকল্পটি বাস্তবায়নের যেকোনো পর্যায়ে পরিবেশ অধিদপ্তরের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। (৩) আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য পরিবেশ অধিদপ্তরের সাথে বর্ণিত গবেষণা প্রতিষ্ঠান বা রিসার্চ টিমের MOU স্বাক্ষর করার প্রয়োজনীয়তা নেই। (৪) AI প্রযুক্তিসহ অন্যান্য প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল সরকারি সংস্থার অনুমতি গ্রহণ করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণ করতে হবে।	পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)

		(৫) Fund raising এর জন্য পরিবেশ অধিদপ্তর কর্তৃক কোন letter of support বা অনুরূপ সহায়তা প্রদান করা হবে না। (৬) অর্থ সংগ্রহ ও ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুসরণ করতে হবে। (৭) প্রকল্প বাস্তবায়নকালে অন্য কোন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের ~~প্রতিনিধির~~ সাথে সাংঘর্ষিক কার্যক্রমে জড়িত হওয়া যাবে না। (৮) রাষ্ট্রীয় স্বার্থ পরিপন্থী এবং বেআইনী কোন কার্যক্রমে অংশগ্রহণ করা যাবে না।	
১৩.	বিবিধ	ক) পরিবেশ অধিদপ্তরের মাঠ কার্যালয়সমূহ হতে সদর দপ্তরে আগত আবেদন/পত্রসমূহ গুরুত্ব সহকারে আমলে নিয়ে দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে/সিদ্ধান্ত গ্রহণপূর্বক কার্যালয়সমূহকে জানিয়ে দিতে হবে। খ) মাঠ কার্যালয় হতে সদর দপ্তরে প্রেরিত দীর্ঘদিন পেন্ডিং বিষয়সমূহ পরবর্তী সমন্বয় সভা হতে নিয়মিতভাবে উপস্থাপন করতে হবে।	ক) ১. পরিচালক (সদর দপ্তর সকল) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) খ) ১. পরিচালক (সকল) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/৮/২০২২

ড. আবদুল হামিদ
মহাপরিচালক
ফোন: ৮১৮১৮০০
ই-মেইল: dg@doe.gov.bd

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (সকল), পরিবেশ অধিদপ্তর।
৩। নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল)/উপপরিচালক (সকল), পরিবেশ অধিদপ্তর।
৪। উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা কার্যালয়), পরিবেশ অধিদপ্তর।
৫। সহকারী পরিচালক (সকল)/ সিনিয়র কেমিষ্ট (সকল)/গবেষণা কর্মকর্তা (সকল)/এনালিষ্ট (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/গ্রন্থাগারিক /সহকারী প্রোগ্রামার, পরিবেশ অধিদপ্তর।

অনুলিপি ঃ

১। মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।